



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

www.dshe.gov.bd

ঢাকা



জরুরি

অতি গোপনীয়

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৩৮৫

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৮

১২ জুন ২০২১

বিষয়: ২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য প্রণীত অ্যাসাইনমেন্ট সংক্রান্ত নির্দেশনা বাস্তবায়ন

সূত্র: ১. এনসিটিবি এর স্মারক নং শি:শা: ২২২/৯৪/৯৭৮; তারিখ- ৭ জুন ২০২১

২. মাউশি অধিদপ্তরের ১১ জুন, ২০২১ তারিখের ভার্চুয়াল সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলমান কোভিড ১৯ অতিমারিয়ার কারণে শিক্ষার্থীদের স্বাভাবিক শিক্ষা কার্যক্রমে এখনো সম্পৃক্ত করতে না পারায় শিক্ষা মন্ত্রণালয় বিভিন্ন বিকল্প ব্যবস্থা নিয়েছে। ইতোমধ্যে ২০২২ সালের এইচএসসি পরীক্ষার পাঠ্যসূচি পুনর্বিন্যাস করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে শিক্ষার্থীদের শিখন কার্যক্রমে পুরোপুরি সম্পৃক্তকরণ ও ধারাবাহিক মূল্যায়নের আওতায় আনয়নের জন্য বিষয়ভিত্তিক মূল্যায়ন বুরিক্সহ অ্যাসাইনমেন্ট প্রণয়ন কর হয়েছে। এ কার্যক্রম ১৪ জুন, ২০২১খ্রি। সোমবার থেকে শুরু হবে।

উল্লেখ্য, কোভিড ১৯ অতিমারিয়ার কারণে যে সকল এলাকা লকডাউনের আওতায় রয়েছে সে সকল এলাকায় স্বাস্থ্যবিধির নির্দেশনা মোতাবেক বাস্তব ভিত্তিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। কোনোক্রমেই স্বাস্থ্যবিধির নির্দেশনা উপেক্ষা করা যাবে না।

অ্যাসাইনমেন্ট বিতরণ ও মূল্যায়ন সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা, গ্রিড, বুরিক্স এবং সপ্তাহ ভিত্তিক নির্ধারিত কাজ অচিরেই অবহিত করা হবে।

অ্যাসাইনমেন্ট কার্যক্রম যথাযথ ও ফলপ্রসূভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান ও অন্যান্যদের সাথে আলোচনা ও সমন্বয়পূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

১২-৬-২০২১

প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক

পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৩৮৫/১(১৫)

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৮

১২ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিবিল, ঢাকা।
- ২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা
- ৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
- ৬) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
- ৭) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
- ৮) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
- ৯) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ১০) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
- ১১) অধ্যক্ষ (সকল), সরকারি কলেজ
- ১২) উর্ধ্বতন বিশেষজ্ঞ, বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট, ঢাকা।
- ১৩) অধ্যক্ষ (সকল), বেসরকারি কলেজ
- ১৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (পত্রটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫) পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।



১২-৬-২০২১

প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক